

ঢাকা, ১৪ জুন ৪

অর্থ, পরিকল্পনা, বাণিজ্য এবং ডাক ও টেলিযোগাযোগ উপদেষ্টা ড. এ. বি. মির্জা মোঃ আজিজুল ইসলাম বলেছেন, শুধু প্রণয়ন নয় বাজেট বাস্তবায়নে বিশেষ করে অধিকতর নিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় যথাসময়ে সুষ্ঠুভাবে উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করার লক্ষ্যে সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করা হবে।

প্রসঙ্গত তিনি প্রস্তাবিত বাজেট ২০০৭-০৮ সম্পর্কে মতামত/পরামর্শ গ্রহণের সময়সীমা তিন দিন বৃদ্ধি করে ১৭ জুন পর্যন্ত গ্রহণের ঘোষণা দেন।

উপদেষ্টা আজ ঢাকার স্থানীয় এক হোটেলে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত ‘বাংলাদেশের অর্থনীতি পর্যালোচনা ও বাজেট প্রতিক্রিয়া ২০০৭-০৮’ শীর্ষক এক ডায়ালগে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

অর্থ উপদেষ্টা বিশ্ববাজারে টিকে থাকার জন্য বেসরকারী খাতের দক্ষতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। ডায়ালগে বাজেট সম্পর্কে বিভিন্ন বিষয়ের উপর পর্যালোচনা এবং মতামত উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. সালাহ উদ্দিন আহমেদ। অন্যান্যের মধ্যে অর্থনীতিবিদ, সুশীল সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ, ব্যবসায়ী নেতৃবৃন্দ, বিশিষ্ট রাজনীতিবিদ, গবেষক ও এনজিওসহ বিভিন্ন পর্যায়ের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন।

সিপিডি’র ট্রাস্টি বোর্ডের সদস্য এম সাইদুজ্জামান এর সভাপতিত্বে মূল বক্তব্য উপস্থাপন করেন সিপিডি’র নির্বাহি পরিচালক ড. দেবপ্রিয় ভট্টাচার্য।

স্বাক্ষরিত/-

(ফায়জুল হক)

সিনিয়র তথ্য অফিসার